পরবর্তী টেবিলে প্রতিটি ক্যারিয়ারের জন্য সংশ্লিষ্ট কোর্সের নাম লিখুন। ভবিষ্যতে পরিবর্তন করতে চাইলে, এসব তথ্য সংরক্ষণ করতে হবে।

| | | |
|---|---|---|
| ক্যারিয়ারের নাম : | ক্যারিয়ারের নাম : | ক্যারিয়ারের নাম : |
| কোর্সের নাম : | কোর্সের নাম : | কোর্সের নাম : |

# বড় যদি হতে চাও ছোট হও তবে


একটি গোলাপ ফুল


ছায়াপথ

এই দুটো ছবি থেকে আপনি ক্যারিয়ার বিকাশের বিষয়ে কী শিখতে পারেন?

১। বড় হওয়ার জন্য ছোট থেকে শুরু করা এটি ................. একটি .................

২। প্রতিটি ক্যারিয়ারেরই একটি .......... থাকে এবং ক্যারিয়ার এর .......... ছোট থেকেই হতে পারে

৩। আপনার ............. হতে পরে আপনার ক্যারিয়ার এর শুরু। আপনার ............. সাথে সম্পৃক্ত একটি .......... ক্যারিয়ার বিকাশের জন্য আপনাকে ভাল সুযোগ দিতে পারে

৪। ............. থেকে শেখা নিশ্চিত করবে আপনার ক্যারিয়ার ............. নয় এবং ক্রমবর্ধমান

৫। ক্যারিয়ার এর সফলতার জন্য গুরুত্বপূর্ন ............. যোগ্যতা নিয়ে পরিকল্পনা করা


৬। সবসময় এগিয়ে যাওয়া মানেই ............. নয়। ............. থেকে শেখা সফলতার একটি আংশ সফলতা এবং ব্যর্থতা থেকে ............. অনেক বেশি গুরুত্বপূর্ন

৭। ক্যারিয়ার এর সাফল্যের অর্থ ............. সাথে ............. মিশ্রনে একটি নতুন ভবিষ্যত তৈরি করা

৮। আমার ............. এবং ............. সাথে সাথে, আমাকে অবশ্যই আমার ক্যারিয়ার .......... সম্পর্কে শিখতে হবে

৯। একটি ক্যারিয়ার থেকে অন্য ক্যারিয়ার এ ............. হলে অভিজ্ঞতার মান হ্রাস পায়

১০। আমার ক্যারিয়ার .......... সাথেই গড়ে উঠে




# একটি ক্যারিয়ার গঠন : জীবনব্যাপী ক্যারিয়ারের উন্নয়ন

**উচ্চ ও পরবর্তী শিক্ষা :**
যে কোর্সে পড়ছেন, সেটি আপনার ক্যারিয়ার বিকাশের প্রথম ধাপ। আপনি আপনার ক্যারিয়ারের উন্নয়ন আরও উচ্চশিক্ষার মাধ্যমে অব্যাহত রাখতে পারেন। নিচের ফ্লো-চার্টে আপনার কোর্সের নাম লিখুন।

**ফ্লিপচার্ট :**
শিক্ষার মাইলফলক দেখুন এবং সামনে আরও কী কী করতে পারেন, তার বিভিন্ন ধাপগুলো লিখুন।

**ফ্লো-চার্ট**



**কোর্সের ধরন :**
আমার কোর্স আমার ক্যারিয়ার'-এর ফ্লিপচার্টে গিয়ে আপনার বিষয়ের ওপর ভিত্তি করে বিভিন্ন কোর্সের নাম উল্লেখ করুন। যেমন– হিসাবরক্ষণ।

---

---

**প্রতিযোগিতামূলক পরীক্ষা :**
একজন ছাত্র উচ্চ পর্যায়ের চাকরির জন্য যোগ্যতা অর্জন করতে পারে প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে। তাই এটি একটি বিকল্প পথ। এসব পরীক্ষা সাধারণত সরকারি চাকরির ক্ষেত্রে হয়ে থাকে। এখানে উল্লেখিত ওয়েবসাইটে গিয়ে আপনার উপযোগী প্রতিযোগিতামূলক পরীক্ষার নাম লিখুন।

## আমার ক্যারিয়ার সম্পর্কিত প্রতিযোগিতামূলক পরীক্ষা

| পোর্টালের নাম | যোগাযোগের তথ্য |
|---|---|
| | |
| | |
| | |
| | |
| | |
| | |

**ক্যারিয়ারের উন্নয়ন কখনও থামে না**
**সারা জীবনের যোগ্যতার সঙ্গে অভিজ্ঞতার সম্মিলনেই ক্যারিয়ারে সাফল্য আসে**

## প্রতিযোগিতামূলক পরীক্ষার উদাহরণ

| পোর্টালের নাম | যোগাযোগের তথ্য |
|---|---|
| বাংলাদেশ ব্যাংক নিয়োগ | https://erecruitment.bb.org.bd/career/jobopportunity_bscs.php |
| বিসিএস পরীক্ষা | http://www.bpsc.gov-.bd/site/page/4bc95017-18d6-412b-8c4f-76d3e1599d8e/%E0%A6%AC%E0%A6%BF%E0%A6%B8%E0%A6%BF%E0%A6%8F%E0%A6%B8-%E0%A6%AA%E0%A6%B0%E0%A7%80%E0%A6%95%E0%A7%8D%E0%A6%B7%E0%A6%BE |
| বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা | http://www.ntrca.gov.bd/ |
| বাংলাদেশ বার কাউন্সিল | http://www.barcouncil.gov.bd/category/notice-board/ |



# ক্যারিয়ার গঠন চাকরি অনুসন্ধানের দক্ষতা

| কর্মসংস্থানের ধরন/ক্ষেত্র | | |
|---|---|---|
| | | |

**প্রতিষ্ঠানের ধরন :**

বহুসমন্বিত সংঘবদ্ধ সংস্থা : এক প্রতিষ্ঠান, বিভিন্ন ধরনের পণ্য উৎপাদন ও পরিষেবা দেয়
যেমন– এসিআই বা অ্যাভান্সড কেমিকেল ইন্ডাস্ট্রিজ, আনন্দ গ্রুপ, হাবিব গ্রুপ, রহিমআফরোজ গ্রুপ ইত্যাদি।
ওয়েবলিঙ্ক :
https://en.wikipedia.org/wiki/Category:Conglomerate_companies_of_Bangladesh

**নির্দিষ্ট পণ্য বা পরিষেবা :**

ভোগ্যপণ্য, গ্রাহক-সেবা, আর্থিক-সেবা, স্বাস্থ্যসেবা, শিল্প-সংক্রান্ত, তেল-গ্যাস, টেলিকমিউনিকেশন্স, প্রযুক্তিবিদ্যা, মোটরগাড়ি, পরিবহন, শিক্ষা ইত্যাদি

**আপনার যোগ্যতার ওপর নির্ভর করে আপনি যে কোনো প্রতিষ্ঠানে চাকরি খুঁজতে পারেন**

**চাকরির শর্ত :**

ক) বিভিন্ন প্রতিষ্ঠানের বিভিন্ন ধরনের ............... রয়েছে

খ) কিছু সংস্থা আছে যেখানে আপনাকে ............... আবেদন করার প্রয়োজন হতে পারে

গ) অন্যান্য প্রতিষ্ঠানে ............... নিবন্ধন করার প্রয়োজন হতে পারে

ঘ) কিছু প্রতিষ্ঠানে ............... প্রয়োজন হতে পারে

ঙ) সব চাকরির আবেদনের জন্য একটি ভালো ..............., ..............., আপনার দক্ষতা এবং ............... বিবরণ প্রয়োজন

**আমি কোথায় চাকরির বিজ্ঞাপন পেতে পারি?**

**সংবাদপত্র :** জাতীয় ও স্থানীয় সংবাদপত্রগুলোর শ্রেণিবদ্ধ চাকরির বিভাগ

**বিজ্ঞপ্তি :** প্রায়ই দোকান, রেস্তোরাঁ, গ্রন্থাগার, সুপার মার্কেট ও অন্যান্য কমিউনিটির বোর্ডে চাকরির বিজ্ঞাপন দেওয়া হয়

**রিক্রুটিং এজেন্সি :** এসব সংস্থা আপনার সঙ্গে নিয়োগদাতার যোগসূত্র স্থাপন করে

**ব্যক্তিগত যোগাযোগ :** বন্ধুবান্ধব ও আত্মীয়স্বজনের কাছ থেকেও চাকরির তথ্য জানা যায়

**জব পোর্টাল :** এসব ওয়েবসাইটে চাকরির বিজ্ঞাপন থাকে, প্রার্থীর জীবনবৃত্তান্তও সংরক্ষণ করে রাখা যায়, নিয়োগকর্তা সরাসরি যোগাযোগ করে নিতে পারেন

**প্রতিষ্ঠানের ওয়েবসাইট :** অনেক সময় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ওয়েবসাইটেও চাকরির খবর থাকে, এ জন্য নিয়মিত এসব ওয়েবসাইট পরীক্ষা করতে হয়। উদাহরণ হিসেবে পরের পাতায় চাকরি সন্ধানে চাকরির ডেটাশিট দেখুন



# ক্যারিয়ার গঠন প্রতিষ্ঠান সম্পর্কে জানা

ক্যারিয়ারের নাম :

এটি কী ধরনের প্রতিষ্ঠান : সরকারি, বহুসমন্বিত, জাতীয়, বহুজাতিক, নির্দিষ্ট উৎপাদনকারী :

প্রতিষ্ঠান কী উৎপাদন করে বা সেবা দেয় :

এই প্রতিষ্ঠানে চাকরির ধরন কী কী :

কোনো প্রতিষ্ঠানে চাকরির জন্য কীভাবে আবেদন করতে হয় :

এই প্রতিষ্ঠান কি আপনার যোগ্যতা অনুযায়ী উপযুক্ত :



# চাকরি খোঁজার দক্ষতা : চাকরির বিজ্ঞাপন খুঁজে বের করা ও বোঝা

**আকিজ ফুড অ্যান্ড বেভারেজ লিমিটেড**

| | |
|---|---|
| পদ | : RAC (আকিজ ফুড অ্যান্ড বেভারেজ লিমিটেড ফ্যাক্টরি) |
| শূন্য পদ | : নির্দিষ্ট নয় |
| চাকরির দায়িত | : রেফ্রিজারেটর সাজানোর প্রক্রিয়া বিষয়ে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে<br>সকল মেশিনের রক্ষণাবেক্ষণ শিডিউল তৈরি করা<br>চাপের মধ্যে কাজ করতে হবে<br>ম্যানেজমেন্টের প্রয়োজন অনুযায়ী যে কোনো দায়িত্ব পালন করা |
| চাকরির ধরন | : ফুল টাইম |
| শিক্ষাগত যোগ্যতা | : ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ইন রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশন |
| দক্ষতা | : যোগাযোগের দক্ষতা |
| বয়স | : ২৪ থেকে ৩০ বছর |
| কর্মস্থল | : ঢাকা (ধামরাই) |
| বেতন | : আলোচনা-সাপেক্ষ |
| সুযোগ সুবিধা | : প্রভিডেন্ট ফান্ড ও গ্রাচুইটি |
| বেতন পর্যালোচনা | : বার্ষিক |
| উৎসব ভাতা | : ২টি (বার্ষিক) |
| লক্ষ্য করুন | : দক্ষ প্রার্থীরা জীবনবৃত্তান্ত, ২ কপি সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজ ছবি পাঠাবেন : ম্যানেজার, এইচআর, আকিজ ফুড অ্যান্ড বেভারেজ লিমিটেড, বড়বাড়িয়া, ধামরাই, ঢাকা |

**বিস্তারিত বিবরণ দিন : কারা এই চাকরিতে আবেদন করতে পারবেন?**

পদের নাম ঃ.......................................................................................................

যোগ্যতা :...........................................................................................................

যেসব নথি জমা দিতে হবে :....................................................................................

অন্যান্য যোগ্যতা :..................................................................................................

কীভাবে আবেদন করবেন : জমাদান, জীবনবৃত্তান্ত, কভার লেটার :...........................................

.............................................................................................................................



# চাকরি খোঁজার দক্ষতা : চাকরির বিজ্ঞাপন খুঁজে বের করা ও বোঝা

**সেভেন সার্কেল (বাংলাদেশ) লিমিটেড**

| | |
|---|---|
| পদ | : সাব অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ওয়ার্কশপ) |
| শূন্য পদ | : ০১ |
| চাকরির দায়িত্ব | : সব যানবাহনের রক্ষণাবেক্ষণ ও সময়সূচি অনুযায়ী তত্ত্বাবধান<br>ওরাকলের মাধ্যমে খুচরা যন্ত্রাংশের রিকুজিশন সংরক্ষণ<br>সড়ক পরিবহন কার্যক্রমের সঙ্গে অবিচ্ছিন্ন যোগাযোগ<br>কাজের অগ্রগতি ও শ্রমিকদের সমস্যা সংশোধন ও পরিদর্শন<br>প্রতিদিন কর্মশালার প্রতিবেদন প্রস্তুত |
| চাকরির ধরন | : ফুল টাইম |
| শিক্ষাগত যোগ্যতা | : ডিপ্লোমা ইন অটোমোবাইল বা পাওয়ার |
| অভিজ্ঞতা | : ২ থেকে ৩ বছর |
| কর্মস্থল | : গাজীপুর |
| বেতন | : আলোচনা-সাপেক্ষ |
| প্রয়োজনীয় তথ্য | : শুধু পুরুষরা আবেদন করতে পারবেন |
| লক্ষ্য করুন | : দক্ষ প্রার্থীরা জীবনবৃত্তান্ত, ২ কপি সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজ ছবি পাঠাবেন : or7circle@gmail.com ঠিকানায় ইমেইল করে অথবা www.7circle.com.bd ওয়েবসাইটে নিবন্ধনের মাধ্যমেও আবেদন করা যাবে |

**বিস্তারিত বিবরণ দিন : কারা এই চাকরিতে আবেদন করতে পারবেন?**

পদের নাম ঃ.............................................................................................................................

যোগ্যতা :...................................................................................................................................

যেসব নথি জমা দিতে হবে :..........................................................................................................

অন্যান্য যোগ্যতা :........................................................................................................................

কীভাবে আবেদন করবেন : জমাদান, জীবনবৃত্তান্ত, কভার লেটার :................................................................

.................................................................................................................................................



# ওয়েব লিংক : বাংলাদেশের চাকরির পোর্টাল

আপনার চাকরি খোঁজা শুরু করার জন্য প্রথমেই জানা থাকা দরকার কোথায় কোথায় চাকরির বিজ্ঞাপন দেওয়া হয়। এখানে উল্লেখিত উৎসগুলো নিয়মিত খেয়াল রাখতে হবে নতুন কোনো চাকরি বিজ্ঞাপন এলো কিনা। এখানে চাকরির নিয়োগদাতার একটি উদাহরণ দেওয়া হয়েছে। সবগুলো ওয়েবসাইট যাচাই করুন এবং চাকরি খোঁজার দক্ষতাও বাড়িয়ে নিন।

**চাকরির পোর্টালের উদাহরণ :**

| পোর্টালের ধরন | ওয়েবসাইট লিংক |
|---|---|
| সব ধরনের চাকরির খবর | https://www.bdjobs.com/ |
| সরকারি চাকরির খবর | https://www.banglacyber.com/ |
| সব ধরনের চাকরির খবর | https://www.careerjet.com.bd/ |
| দক্ষতার চাকরি | https://skill.jobs/ |

**চাকরিদাতা ওয়েবসাইটের লিংক**

| | | |
|---|---|---|
| ACI Limited | Conglomerate | http://www.aci-bd.com/ |
| Akij Group | Conglomerate | https://www.akij.net/ |
| Aftab group | Conglomerate | https://www.aftabgroup.com.bd/ |

চাকরি খোঁজার জন্য একটি নির্দিষ্ট সময় ঠিক করুন। এই কাজটি কখনও কখনও খুবই বিরক্তিকর ও হতাশার। বন্ধুবান্ধব ও পরিবারকেও জনিয়ে রাখুন যে চাকরি খুঁজছেন, তাদেরও হয়তো কোনো চাকরি সম্পর্কে ধারণা থাকতে পারে।

**চাকরির পোর্টালে নিবন্ধন**

ধাপ ১) আপনার ইমেইল আইডি লিখুন
যদি ব্যক্তিগত ইমেইল আইডি না থাকে, তাহলে www.gmail.com-এ গিয়ে বিনামূল্যে নতুন আইডি তৈরি করে নেওয়া যায়। ইমেইল আইডি অবশ্যই পেশাদার হওয়া উচিত। যেমন– babubabu@g-mail.com নয়। নিজের নাম ব্যবহার করে হওয়া উচিত, যেমন– runa1978@gmail.com

ধাপ ২) চাকরির পোর্টালে নিবন্ধন
এসব কাগজপত্রের সফট কপি প্রস্তুত আছে কিনা, নিশ্চিত হয়ে নিন :

১. জীবনবৃত্তান্ত
২. ইমেইল আইডি
৩. মার্কশিট
৪. বিভিন্ন কোর্সের সনদপত্র
৫. সুপারিশনামা
৬. অন্যান্য সনদ
৭. কাজের অভিজ্ঞতা (যদি থাকে)

নিবন্ধনের ধাপগুলো (উপস্থাপনা লক্ষ্য করুন)

চাকরির পোর্টালের নাম :

নিবন্ধনের ধাপগুলো :

*মনে রাখবেন, চাকরি হয়তো সঙ্গে সঙ্গেই পাওয়া নাও যেতে পারে। তখন মনে হতে পারে, যে কোনো একটা চাকরিতে ঢুকে যাওয়াই ভালো। কিন্তু নিজের যোগ্যতা বা প্রত্যাশিত ক্যারিয়ারের সঙ্গে সম্পর্কিত নয়, এমন চাকরিতে কর্মজীবন শুরু করলে ক্যারিয়ারের বিকাশে বিঘ্ন ঘটতে পারে। কাজেই নিজের ক্যারিয়ারের সঙ্গে যোগ্যতার যতদূর সম্ভব সামঞ্জস্য রাখা ভালো।*



# কীভাবে ভালো জীবনবৃত্তান্ত লিখতে হয়

একটি জীবনবৃত্তান্ত (বায়োডেটা বা সিভি) এমন একটি নথি, যেখানে আপনার পড়াশোনা, কর্মজীবন ও অভিজ্ঞতাগুলো তালিকাভুক্ত থাকে। চমৎকার একটি জীবনবৃত্তান্ত লিখতে পারা চাকরির আবেদনের গুরুত্বপূর্ণ অংশ। জীবনবৃত্তান্তের উদ্দেশ্য হলো– এটি পর্যালোচনা করেই নিয়োগকর্তা প্রাথমিক সিদ্ধান্ত নেবেন, আপনাকে চাকরির সাক্ষাৎকারের জন্য ডাকা হবে কিনা।

**জীবনবৃত্তান্তের উদ্দেশ্য**

- নিজেকে নিজেই বিপণন ও প্রদর্শন করা
- আপনি যে নিয়োগযোগ্য, সেটি উপস্থাপন
- কীভাবে দায়িত্ব পালন করে সংস্থার চাহিদা পূরণ করবেন, সেটি বর্ণনা
- আপনার উপযুক্ত শিক্ষা, দক্ষতা ও যোগ্যতার বিবরণ
- চাকরির উপযোগী পেশাদার স্তরে আপনি রয়েছেন, সেটি ব্যাখ্যা

**জীবনবৃত্তান্ত কত দীর্ঘ হওয়া উচিত?**

আপনার অভিজ্ঞতা ও শিক্ষার ওপর নির্ভর করে জীবনভর দফায় দফায় জীবনবৃত্তান্তের দৈর্ঘ্য পরিবর্তিত হবে। অতীত অভিজ্ঞতা কম থাকলে, এটি এক-দুই পাতা হওয়াই ভালো। প্রচুর কাজের অভিজ্ঞতা, স্বীকৃতি ও কৃতিত্ব থেকে থাকলে, পৃষ্ঠার সংখ্যা স্বাভাবিকভাবেই বাড়বে।

অযৌক্তিকভাবে জীবনবৃত্তান্তের দৈর্ঘ্য বড় হয়ে গেল কিনা, সেটা লক্ষ্য রাখুন। সুন্দর, গোছালো ও যথাযথভাবে উপস্থাপিত তথ্য থাকলে, দুই পাতার চেয়ে এক পাতার জীবনবৃত্তান্তই অনেক বেশি কার্যকর। সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো, যাচাই করা যায় না, এমন তথ্য না রাখাই ভালো।

**জীবনবৃত্তান্তে তথ্য-সমাবেশ :**

জীবনবৃত্তান্তের সাধারণত নিজের নাম, জন্মতারিখ, জন্মস্থান, বর্তমান ও স্থায়ী ঠিকানা, যোগাযোগের নম্বর, ইমেইল আইডি, পড়াশোনা ও কর্মঅভিজ্ঞতার তথ্য থাকা দরকার।

**প্রারম্ভিক বর্ণনা :**

আপনি কে, কোথায় আছেন, পড়াশোনার সর্বোচ্চ যোগ্যতা, কাজের অভিজ্ঞতা, ক্যারিয়ারের লক্ষ্য সংক্রান্ত সংক্ষিপ্ত বর্ণনা, সর্বোচ্চ ৫/৬টি বাক্য।

**মূল দক্ষতা ও শক্তি :**

আপনার দক্ষতা ও অভিজ্ঞতার তালিকা থাকা দরকার, যেটি আবেদনকৃত চাকরির সঙ্গে সম্পর্কিত হয়।

**প্রযুক্তি/সফটওয়্যার দক্ষতা :**

আজকাল সব ধরনের ক্যারিয়ারেই কম্পিউটার ব্যবহারের দক্ষতা দরকার হয়। আপনি যেসব সফটওয়্যার ব্যবহার করতে জানেন, সেগুলো উল্লেখ করা গুরুত্বপূর্ণ, যেমন–

- ওয়ার্ড প্রসেসিং বা স্প্রেডশিট সফটওয়্যার
- প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ
- ইমেইল আদানপ্রদান

# কীভাবে ভালো জীবনবৃত্তান্ত লিখতে হয়

**ব্যক্তিগত বৈশিষ্ট্য :**

আপনি যদি কাজের অবিজ্ঞতা বেশি না পেয়ে থাকেন তবে ব্যক্তিগত গুনাবলীর একটি তালিকা প্রদর্শন করে বোঝাতে পারেন যে, আপনি সেই কাজের জন্য সঠিক ব্যক্তি। আপনি যে বিষয়গুলো অর্ন্তভূক্ত করতে পারেন তা হল: আপনি প্রমাণ করতে পারেন যে, আপনি নির্ভরযোগ্য, সৎ, বিশ্বাসযোগ্য, দ্রুত নতুন জিনিস শিখতে আগ্রহী।

**শিক্ষাগত ইতিহাস :**

- শিক্ষাগত যোগ্যতা বা ইতিহাস কতখানি যুক্ত করবেন, তা নির্ভর করে আপনার বর্তমান যোগ্যতার ওপর, আপনি যদি কারিগরি শিক্ষায় যুক্ত থাকেন, তাহলে স্কুল শেষ করার সনদ (গ্রেড ১০) থেকে শিক্ষাগত যোগ্যতার ইতিহাস শুরু হবে;
- যোগ্যতার নাম লিখুন ধারাবাহিকভাবে, যেমন– সনদের নাম, গ্রেড-১০-এর ওপর থেকে, শিক্ষাপ্রতিষ্ঠানের নাম, উত্তীর্ণ হওয়ার তারিখ ও ফলাফল;
- যদি সম্ভব হয়, তাহলে একাডেমিক কৃতিত্বের তালিকা বানাতে বুলেট পয়েন্টও যুক্ত করা যায়, যেমন– স্কুল দলের অধিনায়কত্ব, যেসব পুরস্কার পেয়েছেন ইত্যাদি।

**কর্মঅভিজ্ঞতা :**

- সাম্প্রতিকতম কাজের অভিজ্ঞতা প্রথমে উল্লেখ করুন, এরপর পর্যায়ক্রমে পেছনের অভিজ্ঞতা উল্লেখ করুন, প্রতিটি অভিজ্ঞতায় অবশ্যই থাকতে হবে প্রতিষ্ঠানের নাম, আপনার পদবি, কতদিন কাজ করেছেন, দায়িত্ব কী কী ছিল ইত্যাদি;
- অতীত অভিজ্ঞতা না থাকলে, শিক্ষাপ্রতিষ্ঠানে কাজের অভিজ্ঞতাও উল্লেখ করা যেতে পারে, যেমব– ইন্টার্নশিপ, স্বেচ্ছাসেবী কাজ ইত্যাদি;
- প্রতিটি কাজের জন্য যা যা অর্জন করেছেন এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কী কী অবদান রেখেছেন, তারও একটি তালিকা সংযুক্ত করা ভালো, তবে নিশ্চিত হয়ে নিতে হবে যে এইসব কর্মকাণ্ড জীবনবৃত্তান্তে উল্লেখ করা মূল দক্ষতা ও শক্তির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

**রেফারেন্স**

জীবনবৃত্তান্তে এমন দুজন ব্যক্তির নাম, ফোন নম্বর, ইমেইল আইডি ও ঠিকানা থাকা উচিত, যারা আপনাকে কর্মী হিসেবে ইতিবাচকভাবে সুপারিশ করতে রাজি আছেন। যাদের সঙ্গে আগে কাজ করেছেন, এমন নিয়োগকর্তা, শিক্ষক বা নেতা হতে পারেন। তবে নিশ্চিত হয়ে নিতে হবে যে চাকরিদাতা যদি রেফারেন্সের কারও সঙ্গে যোগাযোগ করেন, তাহলে তারা যে বিবৃতি দেবেন, তার সঙ্গে আপনার জ্ঞান, দক্ষতা ও অভিজ্ঞতার সাদৃশ্য রয়েছে।

**প্রশংসাপত্র**

জীবনবৃত্তান্তে যেসব মূলশব্দ বা কিওয়ার্ড ব্যবহার জরুরি, যেমন–

- Skills
- Jobs
- Activities
- Qualifications
- Software
- Tools

# কীভাবে ভালো জীবনবৃত্তান্ত লিখতে হয়

এই তালিকার সব কিছুই যে জীবনবৃত্তান্তে থাকবে, তা নয়, বিন্যাস ও আবেদনের পরিপ্রেক্ষিতে পরিবর্তন হতেই পারে। একেকবার একেক রকম হতে পারে। তবে অবশ্যই সবচেয়ে জরুরি ও গুরুত্বপূর্ণ তথ্য সবার প্রথমে উল্লেখ করবেন।

**প্রতিটি আবেদনেই কি জীবনবৃত্তান্ত বদলাতে হবে?**

- প্রতিটি আবেদনের জন্যই জীবনবৃত্তান্ত কিছুটা অদলবদল বা সম্পাদনা করে নেওয়া ভালো, যাতে চাকরির আবেদনের শর্তগুলো সঠিকভাবে পূরণ হয়। খুব বেশি পরিবর্তন দরকার নেই। শুধু নিশ্চিত করুন যে– আপনার বিবৃতি, মূল দক্ষতা ও ব্যক্তিগত বৈশিষ্ট্যগুলো ওই পদের জন্য প্রাসঙ্গিক।
- সংশ্লিষ্ট পদের জন্য আপনার কাজের অভিজ্ঞতা কীভাবে আপনাকে উপযুক্ত প্রার্থী করে তুলেছে, সেটিই যেন জীবনবৃত্তান্তে প্রতিফলিত হয়।

**জীবনবৃত্তান্ত কীভাবে উপস্থাপন করবেন**

- আপনার অভিজ্ঞতা ও শিক্ষা যে আবেদনকৃত প্রতিষ্ঠান ও কাজের সঙ্গে প্রাসঙ্গিক, সেটি প্রারম্ভিক বিবৃতিতেই উল্লেখ করুন;
- প্রথমে সবচেয়ে প্রাসঙ্গিক ও সেরা দক্ষতাগুলো উল্লেখ করুন;
- কৃতিত্বের উদাহরণ উল্লেখ করুন, যেগুলো সংশ্লিষ্ট পদের সঙ্গে প্রাসঙ্গিক;
- সুনির্দিষ্টভাবে প্রাসঙ্গিক মূল শব্দ ও বর্ণনা যুক্ত করুন (কিওয়ার্ডগুলো লক্ষণীয়)

**জীবনবৃত্তান্তে কী কী থাকা উচিত নয়**

- ভুল বানান : বানান ও ব্যাকরণ ভুল থাকলে কেউ সাক্ষাৎকারে ডাকবে না, নিশ্চিত থাকুন; কাজেই জীবনবৃত্তান্ত পাঠানোর আগে পুরোটা ভালো করে পড়ে নিন, বানান পরীক্ষা করুন, সম্ভব হলে অন্য কাউকে দিয়ে পড়িয়ে নিন, যাতে আপনার চোখ এড়িয়ে গেলেও তিনি যেগুলো ধরিয়ে দিতে পারেন;
- জীবনবৃত্তান্তে বাড়তি ছবি সংযোজন করবেন না;
- অভিনব বিন্যাস : সহজে পাঠযোগ্য ফন্ট ও ফরম্যাটে লিখুন; দাপ্তরিক ভালো ফন্টের মধ্যে রয়েছে– ঠবৎফধহধ, অৎরধষ, ঈধষরনৎর, ঞরসবং জড়সধহ;
- প্যারাগ্রাফ ভাঙতে বড় হেডার ব্যবহার করবেন না; ফুল অংশের জন্য ফন্ট সাইজ ১১/১২ পয়েন্ট আর সাবহেডিংয়ের জন্য ১২/১৪ পয়েন্ট ব্যবহার করা যেতে পারে।

**জীবনবৃত্তান্ত পর্যালোচনা করা**

উপযুক্ত কাউকে দিয়ে জীবনবৃত্তান্ত দেখিয়ে নেওয়া গুরুত্বপূর্ণ, যে ভুলগুলো ধরিয়ে দিতে সক্ষম, যেমন–

- সাবেক নিয়োগকর্তা
- শিক্ষক
- ক্যারিয়ার পরামর্শদাতা
- বাবা-মা বা অভিভাবক

পরবর্তী অংশে একটি জীবনবৃত্তান্তের নমুনা দেওয়া হলো।



**Ms. Runa Nasreen,**

E/8-A, Begum Rokeya Sharani, Sher-e-Bangla Nagar, Dhaka - 1207, Bangladesh.
Email: runa1978@gmail.com. Phone: 01912-153765

## PERSONAL STATEMENT

TVET graduate seeking employment in the hospitality industry, in a position that requires a dedicated, young and enthusiastic employee.

Hardworking with proven time management and collaboration skills developed from sporting and volunteer engagements. Strong interpersonal skills enhanced by taking part in theatre activities to develop confidence and communication abilities. Able to work as part of a team, learn from others and develop as a professional.

## KEY SKILLS

I am confident of the following skills related to a career in the hospitality industry.

- Customer Service (phone and face-to-face)
- Meeting and greeting customers
- Organisation of files and documents either manually or through a software
- Software skills
- Problem solving
- Managing dissatisfied customers

## SOFTWARE SKILLS

I have undergone training and have experience in the following information technology skills.

- Microsoft Word ~ Microsoft Excel ~ Microsoft Outlook ~ Firefox ~ Internet Explorer

## EDUCATION

My educational qualifications at present are as follows.

- Diploma in Front Office Management (July 2019). 65% overall grade, 1st Class. Khulna Mahila Polytechnic Institute.
- Higher Secondary Certificate (June 2017). 68% overall grade, 1st Class. Government Coronation Secondary Girl's School.
- High School Certificate (June 2014). 70% overall grade, 1st Class. Government Coronation Secondary Girl's School.

I plan to continue my education once I have greater financial stability.

## OTHER QUALIFICATIONS AND SKILLS

I have taken up short courses in the following:

- Certificate in Basic Computer Skills (August, 2018). 66%, 1st Class. Khulna Mahila Polytechnic Institute
- Certificate in Public Relations (September, 2018). 75%, Distinction.
- Languages known: Fluent in English and Bangla.

## ACHIEVEMENTS

My achievements are mainly in relation to team work requiring interpersonal skills as shown below:

- 2015: Class captain (in partnership with one other class representative)
- 2015: Team prize for Badminton.
- 2016: Represented school at National Youth Day events
- 2016: Recognition award for contribution to the local community and volunteering

## PERSONAL ATTRIBUTES

- Effective Communication Skills: Articulate communicator with appreciation for the different communication styles required when working with other team members or with customers.
- Honest and Reliable: Strong morals and ethics ensuring honesty, reliability and ability to undertake tasks responsibly.
- Flexible: Understanding of need to remain flexible to support last-minute demands and changes. Comfortable in changing environments and situations, ensuring ability to remain flexible and adaptable at all times.

## STUDENT WORK EXPERIENCE PLACEMENTS

- Le Meridien, Dhaka. One month of internship, 2018.

  My duties were to respond to incoming calls, process check in and check out of guests, enter customer information into internal records management system and update existing customer records while creating new data files as directed.

## VOLUNTEERING

- CSS Home of Blessings, an orphanage in Khulna. Worked as a volunteer for 1 year. Provided support during various fundraising activities and maintaining records of resident children.

## PROFESSIONAL REFEREES

**1. Dr. Tahmid Mohammed,**
Principal,
Khalishpur New Market Road, Khulna 9000, Bangladesh
Phone: +880 41-762352

**2. Ms. Shakeela Akbar,**
Manager,
9/A Commercial Area Airport Rd, Dhaka 1229, Bangladesh
Phone: +880 9638-900089

All relevant certificates and documents are attached with this resume. I would be glad to respond to any further queries.

(Your signature)

Runa Nasreen.

# কীভাবে ভালো কভার লেটার লিখতে হয়

**যে ঠিকানা থেকে চিঠি যাবে**

কাগজের ওপরের বামপাশে সকল যোগাযোগের তথ্যসহ আপনার সম্পূর্ণ ঠিকানা লিখুন, যেমন–
পূর্ণ নাম :.................................................................................................................
ডাক ঠিকানা :.............................................................................................................
ইমেইল আইডি :...........................................................................................................

**যে ঠিকানায় চিঠি যাবে**

কাগজের বামপাশে আপনার ঠিকানার নিচে প্রাপকের নাম-ঠিকানা লিখুন।

**তারিখ**

ঠিকানার নিচে যে তারিখে চিঠি লিখছেন, তা উল্লেখ করুন।

**কীভাবে শুরু করবেন**

চিঠিটি শুরু করুন Dear Sir/Madam হিসেবে।

**বিষয়**

আপনার চিঠিটি শুরুর আগে একটি লাইনে আবেদনের বিষয় উল্লেখ করুন, যেমন–
Subject: Application for the post of ………………..

**প্রধান অনুচ্ছেদ**

পরের দুটো অনুচ্ছেদে নিজের দক্ষতা ও অভিজ্ঞতার বর্ণনা দিন, যেটি আবেদনকৃত পদের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। চাকরির বিজ্ঞাপনে যে ভাষা ব্যবহার করা হয়েছে, একই ভাষা ব্যবহার করুন। ধরা যাক, কোনো কাজের বিজ্ঞাপনে মেশিন টুল অপারেশনের দক্ষতা চাওয়া হয়েছে, আপনার সেটি থাকলে, অবশ্যই উল্লেখ করুন। প্রতিটি কভার লেটার ওই পদের সঙ্গে সামঞ্জস্য রেখে সম্পাদনা করে নিতে হবে।
কভার লেটারের সঙ্গে আপনি যে জীবনবৃত্তান্ত সংযোজন করেছেন, সেটিও উল্লেখ করুন।
সব শেষে এই বাক্যটি যোগ করুন যে আপনি তাদের কাছ থেকে ডাক পাওয়ার অপেক্ষায় আছেন। আন্তরিক, বিশ্বস্ত বা বিনীত– এ ধরনের শব্দ ব্যবহার করুন।
বানান ও ব্যাকরণ বারবার পরীক্ষা করুন। যিনি ভালো জানেন, তাকে দিয়ে দেখিয়ে নিন।

**কভার লেটারে যা যা থাকা যাবে না**

- বানান ভুল
- কভার লেটারের সঙ্গেই জীবনবৃত্তান্ত নয় (এটি আলাদাভাবে যুক্ত করুন)
- অপ্রাসঙ্গিক কাজের উল্লেখ না থাকাই ভালো, নিয়োগকর্তাকে বোঝাতে হবে আপনি এই পদের জন্যই মনোযোগী

# স্যাম্পল কভার লেটার

**Ms. Runa Nasreen,**
**E/8-A, Begum Rokeya Sharani,**
**Sher-e-Bangla Nagar,**
**Dhaka - 1207, Bangladesh.**
**Email: runa1978@gmail.com.**
**Phone:  01912-153765**

The Manager,
Hotel Bengal Blueberry,
House # 1/A, Road # 90,
Gulshan-2,
Dhaka- 1212,
Bangladesh.

29th June 2019.

Dear Sir/Madam,

Subject:  Application for post of Front Office Clerk.

I was very interested to see your advertisement on the BD Jobs portal, dated 28th June 2019, for the position of Front Office Clerk in your esteemed organization.

I hereby apply for this position.

I have just completed an 18 month Diploma in Front Office Management from the Khulna Mahila Polytechnic Institute.  As a part of the course work, I also completed one month of internship at the Le Méridien, Dhaka.  Interpersonal skills are my strength area.  All through my school days, I have had opportunities to be a leader and engage with people.  I have selected hotel management as my career, mainly because it is related to interacting with people.

I have excellent working knowledge of MS Word, Excel and Outlook.  I have also self-tutored myself to use Excel for simple accounting and data management.  I have also taken a short course on public relations.  I am fluent in English and Bangla.

Please find my CV attached along with all relevant certificates.

I look forward to hearing from you.

Yours sincerely,

(Your signature)

Runa Nasreen





# কাজের অভিজ্ঞতা কী?
# কেন? কীভাবে?

**কাজের অভিজ্ঞতা কী?**

কাজের অভিজ্ঞতা আপনাকে কোনো চাকরিতে ঢোকার দারুণ তৈরি করে দেবে, আপনি ছাত্র থাকার অবস্থাতেও। এটি আপনাকে পছন্দমতো চাকরি খুঁজে পেতেও সহায়তা করবে। নিজেই চেষ্টা করে দেখুন এবং আপনার কাজের জন্য আপনার নেটওয়ার্ক বাড়ান।

**কাজের অভিজ্ঞতা কেন জরুরি?**

যাদের অভিজ্ঞতা রয়েছে, তারা অভিজ্ঞতাবিহীন প্রার্থীর চেয়ে চাকরির জন্য এগিয়ে থাকেন। চাকরির সাক্ষাৎকারে অনেক চাকরিদাতা প্রশ্ন করতে পারেন, ‘আপনার কাজের কী অভিজ্ঞতা আছে?’ কিন্তু কোনো চাকরি ছাড়া একজন ব্যক্তি কীভাবে অভিজ্ঞতা লাভ করতে পারেন! তাই এটি খুবই জরুরি যে ছাত্র থাকা অবস্থাতেই কাজের অভিজ্ঞতা সঞ্চয় করে নেওয়া।

**কীভাবে কাজের অভিজ্ঞতা অর্জন করবেন?**

সাধারণত কাজের অভিজ্ঞতা যে বিষয়ে পড়াশোনা করছেন, সে বিষয়ের সঙ্গে সম্পর্কিত হওয়া উচিত। কিন্তু অন্য ধরনের কাজের অভিজ্ঞতা, যেটি আপনার পড়াশোনার বিষয়ের সঙ্গে সম্পর্কিত নয়, সেটিও কিন্তু মূল্যবান।

**কীভাবে কাজের অভিজ্ঞতা লাভ করবেন, সে বিষয়ে ধারণা দেওয়া হলো :**

- আপনার পরিচিতদের তালিকা করুন। পরিবার, বন্ধুবান্ধব, আত্মীয়স্বজনকে জিজ্ঞেস করুন। অন্তত ৩ জনের নাম দিয়ে শুরু করুন।

১.............................................................................................................
২.............................................................................................................
৩.............................................................................................................
৪.............................................................................................................
৫.............................................................................................................

- যেসব নাম বাছাই করলেন, তাদের সঙ্গে যোগাযোগ করুন। সময় ঠিক করে সরাসরি সাক্ষাৎ করুন। কোনো কাজের অভিজ্ঞতা নেওয়ার সুযোগ প্রার্থনা করুন।
- ইন্টার্নশিপের সময় নোট রাখুন, সেগুলো পরে জীবনবৃত্তান্ত ও কভার লেটারে যুক্ত করতে হবে।
- কাজ শেষে অভিজ্ঞতা সনদ নিয়ে নিন, পরবর্তীতে চাকরির আবেদনের এগুলো কাজে লাগবে।
- চাকরিজীবী ব্যক্তিরা হয়তো ব্যস্ততার কারণে আপনাকে সময় নাও দিতে পারেন। কিন্তু হাল ছাড়া চলবে না। একবার কাজের অভিজ্ঞতার সুযোগ পেলে পরবর্তী সময়ে চাকরির আবেদনের বড় কাজে দেবে।

বাস্তবায়ন ও সহযোগিতায়

International
Labour
Organization